শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০২.০০৮.২০.৫৫৯৭

তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ।
০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নোক্ত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার-রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার-রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১) **বয়স সীমাঃ ২৩.১২.২০২০** খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৫২ বছর হতে হবে। প্রার্থী ৩(তিন) বছর মেয়াদী সর্বোচ্চ তিন চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/০৬(ছয়) বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। (অভিজ্ঞতাবিহীন নতুন প্রার্থী/খন্ডিত চুক্তি/চুক্তি বাতিল/ অপসারণ/চাকুরীচ্যুতদের আবেদন করার প্রয়োজন নাই)<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (চাঁপাইনবাবগঞ্জ পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে ০৩ (তিন)টি কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সম্পাদিত চুক্তির মেয়াদ ০৩(তিন) বছর পূর্তির সমাপান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর পূর্তি বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।<br>০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (web:pbs.chapainawabganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- ১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড অথবা চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর-দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর-দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **২৩.১২.২০২০** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি যুক্ত আবেদন ফরম।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র"-এর সত্যায়িত কপি জমা দিতে হবে।
(চ) সকল সত্যায়িত অনুলিপি প্রথম শ্রেণির সরকারি গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়িত হতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।
(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ঝ) অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা চাঁপাইনবাবগঞ্জ জেলা এবং নওগাঁ জেলার পোরশা ও নিয়ামতপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/ অভিজ্ঞতা/ অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

(ট) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঠ) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ড) আবেদন পত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ঢ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ
(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার।

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য

(০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
(০২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৪) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
(০৫) জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
(০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..................... পবিস-১/২/৩/৪। | বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ।
(০৭) উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/ ভোলাহাট/ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
(০৮) ডিজিএম, সদর-কারিগরী/শিবগঞ্জ/নাচোল জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
(০৯) এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
(১০) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার আইটি, চাঁপাইনবাবগঞ্জ পবিস (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
(১১) নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
(১২) অফিস কপি/মাস্টার কপি।

09.12.2020
(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার।